

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ৩০, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থ বিভাগ
(বাস্তবায়ন অনুবিভাগ)
প্রজ্ঞাপন

তারিখ: ১৬ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ/৩০ মার্চ, ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৮১-আইন/২০১৬।-Services (Reorganization and Conditions) Act, 1975 (Act No. XXXII of 1975) এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এস, আর, ও নং ৩৬৯-আইন/২০১৫, তারিখ ১৫ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ এর মাধ্যমে জারীকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশের—

(ক) অনুচ্ছেদ ১১ এর উপ-অনুচ্ছেদ (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (২) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(২) উপ-অনুচ্ছেদ (১) এ যাহা কিছুই থাকুক না কেন ১ জুলাই, ২০১৫ তারিখ হইতে ৩০ জুন, ২০১৬ তারিখ পর্যন্ত কোন কর্মচারী যে তারিখে বার্ষিক বর্ধিত বেতন প্রাপ্য হইতেন, সেই নির্ধারিত তারিখের পরিবর্তে সকল কর্মচারী একই তারিখে অর্থাৎ ১৫ ডিসেম্বর, ২০১৫ তারিখে বার্ষিক বর্ধিত বেতন প্রাপ্য হইবেন; তবে বার্ষিক বর্ধিত বেতন নির্ধারণ প্রক্রিয়ায় ইতোমধ্যে যে সকল কর্মচারী ১ জুলাই, ২০১৫ তারিখ হইতে ১৪ ডিসেম্বর, ২০১৫ তারিখ পর্যন্ত বার্ষিক বর্ধিত বেতন বাবদ যে অর্থ উত্তোলন করিয়াছেন তাহাদের উত্তোলিত অর্থ ফেরত প্রদান করিতে হইবে না এবং যদি কোন কর্মচারী উপরোক্ত সময়ের মধ্যে প্রাপ্যতা অনুযায়ী বার্ষিক বর্ধিত বেতন উত্তোলন না করিয়া থাকেন তিনিও এই সুবিধা প্রাপ্য হইবেন।”; এবং

(২৪০১)

মূল্য : টাকা ৪.০০